| আইসিটি শাখা<br>পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা | |
|---|---|
| তারিখঃ ২৮/৫/২৪ | |
| ডায়রী নং- | |
| এআইজি আইসিটি | |
| অতিঃ এসপি (আইসিটি) | |
| এএসপি (আইসিটি) | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
মিডিয়া অ্যান্ড পিআর শাখা
www.police.gov.bd

স্মারক নং-মিডিয়া/৪৪.০১.০০০০.০৪৫.০২.০০৯.২১-২৮৮

তারিখ ঃ ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৭ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয় : স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং-৪৪.০১.০০০০.৪৩৭.৩৪.০০১.২৩/১৩৪৪, তারিখ-২১/০৪/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বর্ণিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ২.১ অনুযায়ী নিম্নোক্ত 'ছক' মোতাবেক স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামত।

২৭.০৫.২০২৪

(ইনামুল হক সাগর, পিপিএম)
বিপি-৮২১০১২৬৮৫৭
পুলিশ সুপার
ফোন : ২২৩৩৫৮০৭৫
মোবাইল:০১৩২০০০০২৮২

কার্যার্থে :

এআইজি (আইসিটি)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

- নারী পুলিশ সদস্যদের আবাসন নিরসনের জন্য ৩৮টি নারী ব্যারাক নির্মাণ সম্পন্ন করা হয়েছে।
- পুরুষ পুলিশ সদস্যদের আবাসনের জন্য ২২টি পুরুষ ব্যারাক নির্মাণ ও উর্ধ্বমূখী সম্প্রসারণ সম্পন্ন করা হয়েছে।
- আইন-শৃংখলা নিয়ন্ত্রণে বিভিন্ন জেলা/ইউনিটে ২৮টি পুলিশ ফাঁড়ি ভবন নির্মাণ সম্পন্ন করা হয়েছে।
- আইন-শৃংখলা নিয়ন্ত্রণে বিভিন্ন জেলা/ইউনিটে ১০টি থানা ভবন নির্মাণ সম্পন্ন করা হয়েছে।
- কোভিড-১৯ 'নিয়ন্ত্রণে এবং আইসুলেশন এর জন্য কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল'কে ৫০০ শয্যায় উন্নিতকরণ এবং বিভাগীয় পুলিশ হাসপাতালসমূহ উর্ধ্বমূখী সম্প্রসারণ কার্যক্রম নেয়া হয়েছে।
- কোভিড-১৯ 'নিয়ন্ত্রণে এবং আইসুলেশন এর জন্য ঢাকাস্থ বিভিন্ন ইউনিটে ফোর্সের সেমিপাকা ব্যারাক নির্মাণ করা হয়েছে।
- বাংলাদেশ পুলিশ স্টাফ কলেজ কম্পাউন্ডে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের স্মরণে পুলিশ মেমোরিয়াল নির্মাণ সম্পন্ন করা হয়েছে।
- ঢাকা জেলার মিলব্যারাক পুলিশ লাইন্সে "মুজিব চিরন্তন" নামক ম্যুরাল নির্মাণ করা হয়েছে।
- গাড়ী পার্কিং এর জন্য ১৬ তলা বিশিষ্ট ৫টি মাল্টিলেভেল কার পার্কিং নির্মাণ করা হয়েছে।

# National Emergency Service 999

Call Report from 12 December 2017 to 30 April 2024

| Call Type | Number of calls | Total Number of Call | Percentage |
|---|---|---|---|
| CFS (Emergency) Call | 1752826 | Service Provided Call | 42.89 |
| Male Enquiry Call | 9310868 | | |
| Child Enquiry Call | 1310272 | 23277300 | |
| Women Enquiry Call | 471042 | | |
| Departmental Call | 140635 | | |
| CFS Outbound Call | 5218048 | | |
| Repeated Call | 1014005 | | |
| Inquiry & Feedback Call | 4059604 | | |
| Blank Call | 23409827 | Service Non Provided Call | 57.11 |
| Crank Call | 2452513 | 30990711 | |
| Missed Call | 5128371 | | |
| **Total Call** | **54268011** | 54268011 | 100 |

## Summary on Call for service (CFS)

| Type of CFS Call | Number of calls | Percentage |
|---|---|---|
| Police | 1454795 | 83.00 |
| Fire | 144516 | 8.24 |
| Ambulance | 153515 | 8.76 |
| Total CFS Call | 1752826 | 100 |

**বাংলাদেশী অভিবাসীদের সহায়তার জন্য বাংলাদেশ পুলিশের বিশেষ উদ্যোগ:**

বাংলাদেশের প্রায় ১১ মিলিয়ন নাগরিক সারা বিশ্বের বিভিন্ন দেশে প্রবাসী কর্মী হিসেবে নিয়োজিত রয়েছে। দেশের অর্থনীতিতে তাদের বিপুল অবদান রয়েছে। প্রবাসে অবস্থান করেও দেশে থাকা সম্পত্তি ও পরিবারের সদস্যদের বিরুদ্ধে ফৌজদারী অপরাধ নিয়ে তাদেরকে বিভিন্ন সময় ভোগান্তিতে পড়তে হয়। এ ধরনের পরিস্থিতিতে তারা যাতে সহজে দেশে পুলিশের সহায়তা পেতে পারে সে জন্য বাংলাদেশ পুলিশ কর্তৃক বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**কেন্দ্রীয়ভাবে পুলিশ হেডকোয়ার্টার্স হতে প্রবাসীদের অভিযোগের উপর ব্যবস্থা গ্রহণ:**

প্রবাসীদের অভিযোগের বিষয়ে মাঠপর্যায়ের ইউনিটের মাধ্যমে অনুসন্ধান ও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য পুলিশ হেডকোয়ার্টার্সের 'স্পেশাল ক্রাইম ম্যানেজমেন্ট ও নন-রেসিডেন্ট বাংলাদেশী অ্যাফেয়ার্স শাখা'কে দায়িত্ব প্রদান করা হয়েছে। প্রবাসে অবস্থানরত একজন বাংলাদেশী নাগরিক সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশী দূতাবাস অথবা ই-মেইল এর মাধ্যমে অথবা মোবাইল ফোনের মাধ্যমে পুলিশ হেডকোয়ার্টার্সের এই শাখায় অভিযোগ জানাতে পারে। এই শাখাটি একজন অ্যাডিশনাল ডিআইজি পদমর্যাদার নেতৃত্বে পরিচালিত হয়। প্রবাসীগণ ই-মেইলে অভিযোগ প্রেরণের জন্য নিম্নলিখিত ইমেইল ও মোবাইল নম্বর ব্যবহার করতে পারেন:

ইমেইল আইডি- expatriatehelp@police.gov.bd

মোবাইল নম্বর- 0132-0001435

উল্লেখ্য বাংলাদেশ পুলিশের ওয়েবসাইটে পুলিশের সাথে যোগাযোগের তথ্য সম্বলিত Expatriate Cell নামে একটি লিংক সংযুক্ত করা হয়েছে।

**অভিযোগ নিস্পত্তির প্রক্রিয়া:**

প্রবাসীদের নিকট হতে প্রাপ্ত অভিযোগগুলো অগ্রাধিকারভিত্তিতে ও অত্যান্ত গুরুত্বসহকারে বিবেচনা করা হয়। অভিযোগ অনুসন্ধানের জন্য মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট ইউনিটে দ্রুত প্রেরণ করা হয়। অভিযোগগুলো যথাযথভাবে নিস্পত্তির বিষয়টি নিশ্চিত করার জন্য নিয়মিত ফলোআপ সংগ্রহ করে মনিটর করা হয়।

**প্রাপ্ত অভিযোগের পরিসংখ্যান:**

২০২৩ সালের জানুয়ারি মাস হতে ডিসেম্বর মাস পর্যন্ত পুলিশ হেডকোয়ার্টার্সের স্পেশাল ক্রাইম ম্যানেজমেন্ট ও নন রেসিডেন্ট বাংলাদেশী অ্যাফেয়ার্স শাখায় প্রবাসীদের ৫৫০টি অভিযোগ গৃহীত হয়েছে।


প্রবাসী কল্যাণ ডেস্ক


প্রবাসী কল্যাণ কর্মকর্তা
বান্দরবান পার্বত্য জেলা পুলিশ


শৃঙ্খলা
নিরাপত্তা
প্রগতি
প্রবাসী কল্যাণ হেল্প ডেস্ক
EXPATRIATE WELFARE HELP DESK
হটলাইন: 01320-115970
পুলিশ সুপারের কার্যালয়, চাঁদপুর।


চট্টগ্রাম রেঞ্জ
বাংলাদেশ পুলিশ
প্রবাসী সহায়তা ডেস্ক
চট্টগ্রাম রেঞ্জ


ঢাকা জেলা
অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস)
ঢাকা জেলা
প্রবাসী কল্যাণ কর্মকর্তা


ঢাকা মেট্রোপলিটন পুলিশ
প্রবাসী কল্যাণ কর্মকর্তা